



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

মতিঝিল ঢাকা-১০০০

বাংলাদেশ।

মনিটরিং পলিসি ডিপার্টমেন্ট

তারিখঃ ১৭ জানুয়ারি ২০২৪

পুনর্গঠিত মনিটরিং পলিসি কমিটি (এমপিসি) এর ২য় সভার সিদ্ধান্ত

গত ১৩ জানুয়ারি ২০২৪ তারিখ সন্ধ্যা ৬:০০ ঘটিকায় পুনর্গঠিত মনিটরিং পলিসি কমিটি (এমপিসি) এর ২য় সভা বাংলাদেশ ব্যাংকের গভর্নর এর সভাপতিত্বে ভার্সুয়াল প্লাটফর্মে অনুষ্ঠিত হয়। সভায় কমিটির অন্যান্য সদস্য- কাজী ছাইদুর রহমান, ডেপুটি গভর্নর, বাংলাদেশ ব্যাংক; ড. মোঃ হাবিবুর রহমান, প্রধান অর্থনীতিবিদ, বাংলাদেশ ব্যাংক; ড. সাদিক আহমেদ, অর্থনীতিবিদ; ড. বিনায়ক সেন, মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান; অধ্যাপক মাসুদা ইয়াসমিন, চেয়ারম্যান, অর্থনীতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়; এবং ড. মোঃ এজাজুল ইসলাম, নির্বাহী পরিচালক, মনিটরিং পলিসি ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক অংশগ্রহণ করেন।

সভায় বৈশ্বিক ও দেশীয় জিডিপি প্রবৃদ্ধির গতিধারা এবং প্রক্ষেপণ, মুদ্রা ও ঋণ পরিস্থিতি, মূল্যস্ফীতি পরিস্থিতি, বিনিময় হার, তারল্য ও সুদহার পরিস্থিতি, নীতি সুদহারের গতিবিধি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। এছাড়াও, অভ্যন্তরীণ এবং বৈশ্বিক দৃষ্টিকোণ থেকে বর্তমান সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতি এবং এর ভবিষ্যত গতি-প্রকৃতি নিয়ে বিশদভাবে পর্যালোচনা হয়। এক্ষেত্রে, মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে বাংলাদেশ ব্যাংক কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ যেমন - নীতি সুদহার বৃদ্ধি, আমদানি ও ঋণের সুদহারের সীমা তুলে দিয়ে তা বাজারমুখীকরণ, টাকা ছাপিয়ে সরকারকে ঋণ প্রদান স্থগিতকরণ, আমদানি ব্যয় নিয়ন্ত্রণ এবং রপ্তানি আয় ও রেমিটেন্স অন্তঃপ্রবাহ বৃদ্ধির কার্যকর ব্যবস্থাকরণ, বৈদেশিক মুদ্রার একক বিনিময় হার চালুকরণ, আমদানি মূল্য যাচাইসহ বৈদেশিক মুদ্রা বাজারে তদারকি বৃদ্ধিকরণ এবং বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ হতে অত্যাবশ্যকীয় দ্রব্যের আমদানি ব্যয় মেটানোর ব্যবস্থা ইত্যাদি বিষয়ে কমিটির সদস্যবৃন্দকে অবহিত করা হয়। কমিটির সদস্যবৃন্দও এসকল বিষয়ে তাঁদের নিজ নিজ মতামত ব্যক্ত করেন। বর্তমানে বিরাজমান মূল্যস্ফীতি, বিনিময় হার এবং বৈদেশিক মুদ্রার রিজার্ভের উপর চাপ প্রশমনে বাংলাদেশ ব্যাংকের চলমান প্রচেষ্টা সঠিক পথেই রয়েছে বলে উল্লেখ করতঃ তা অব্যাহত রাখার ব্যাপারে সভায় ঐকমত্য পোষণ করা হয়। এছাড়া, সভায় ২০২৩-২৪ অর্থবছরের দ্বিতীয়ার্ধের জন্য ঘোষিতব্য মুদ্রানীতির লক্ষ্য, ভজিমা ও কৌশল এবং চ্যালেঞ্জের উপর বিস্তারিত আলোচনা হয়।

সরকার ও বাংলাদেশ ব্যাংকের গৃহীত নীতি পদক্ষেপ, বিশ্ব বাজারের পণ্য মূল্যে নিম্নমুখী গতিধারা, আমন ধানের উৎপাদন আশানুরূপ হওয়া এবং শীতকালীন শাকসবজির সরবরাহ বৃদ্ধির সূত্রে আগামী মাসগুলোতে মূল্যস্ফীতি কমে আসবে বলে সভায় আশাবাদ ব্যক্ত করা হয়।

বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা শেষে দেশের সার্বিক মূল্যস্ফীতি পয়েন্ট টু পয়েন্ট ভিত্তিতে জুন ২০২৪ শেষে ৬ শতাংশে নামিয়ে আনা, ব্যাংকিং খাতে সুশাসন নিশ্চিতকরণ এবং বৈদেশিক মুদ্রা ও বিনিময় হারের উপর চাপ প্রশমনের লক্ষ্যে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত

- (১) পলিসি রোট তথা ওভারনাইট রেপো সুদহার বিদ্যমান শতকরা ৭.৭৫ শতাংশ হতে ২৫ বেসিস পয়েন্ট বৃদ্ধি করে ৮.০০ শতাংশে পুনঃনির্ধারণ;
- (২) নীতি সুদহার করিডোরের উর্ধ্বসীমা স্ট্যান্ডিং লেন্ডিং ফ্যাসিলিটি (এসএলএফ) বিদ্যমান শতকরা ৯.৭৫ শতাংশ হতে ২৫ বেসিস পয়েন্ট হ্রাস করে ৯.৫০ শতাংশে পুনঃনির্ধারণ;
- (৩) নীতি সুদহার করিডোরের নিম্নসীমা স্ট্যান্ডিং ডিপোজিট ফ্যাসিলিটি (এসডিএফ) বিদ্যমান শতকরা ৫.৭৫ শতাংশ হতে ৭৫ বেসিস পয়েন্ট বৃদ্ধি করে ৬.৫০ শতাংশে নির্ধারণ;
- (৪) টাকা/ডলার বিনিময় হারের স্থিতিশীলতা আনয়নের লক্ষ্যে বিনিময় হার ব্যবস্থায় crawling peg system প্রবর্তন;
- (৫) ব্যাংকিং খাতে সুশাসন নিশ্চিতকরণ এবং নন-পারফর্মিং লোন কমিয়ে আনার জন্য একটি পথনকশা (Roadmap) প্রস্তুতকরণ এবং তা দ্রুত বাস্তবায়ন; এবং
- (৬) অধিকতর উৎপাদনমুখী খাত যেমন: কৃষি, সিএমএসএমই ও আমদানি বিকল্প খাতে প্রয়োজনীয় ঋণের যোগান অব্যাহত রাখা।

উপরোক্ত সিদ্ধান্তসমূহ অবিলম্বে কার্যকর হবে। মূল্যস্ফীতির লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়া পর্যন্ত বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুসৃত সংকোচনমূলক পদক্ষেপ অব্যাহত থাকবে।

স্বাক্ষরিত/-

(আব্দুর রউফ তালুকদার)

গভর্নর

বাংলাদেশ ব্যাংক